- অধিকাংশ কৃষক ও সম্প্রসারণকর্মী জানিয়েছেন প্রকল্প থেকে প্রাপ্ত গবাদি পশু, হাঁস মুরগী ও মৎস্যের জন্য প্রদত্ত কৃষি আবহাওয়া পরামর্শ তাদের জন্য উপকারী।

# Agro-Meteorological Information Systems Development Project
## Department of Agricultural Extension
## Khamarbari, Farmgate, Dhaka-1215


- আমি মোঃ ফোরকান মাহমুদ,  পিতা মৃত রফিকুল ইসলাম  গ্রামঃ কুশাবাড়ি, ব্লকঃ কুন্দগ্রাম, উপজেলাঃ আদমদীঘি, জেলাঃ বগুড়া। গত বোরো মৌসুমে আমার ০৬ বিঘা জমিতে সেচ দেওয়া জন¨ বাজার হতে ডিজেল কিনে বাড়ীতে যাওয়ার পথে ব্লকের উপসহকারী কৃষি অফিসার মোঃ আনিছার রহমানের সঙ্গে দেখা হয়। তাঁর সাথে কুশল বিনিময়ের পর আমার হাতে ডিজেলের কনটেইনার দেখে তিনি আমাকে ডিজেল কেনার কারণ জানতে চান। আমি আমার বোরো জমিতে সেচ প্রদানের কথা বললে তিনি জানান যে, আগামীকাল হতে বৃষ্টিপাত হওয়ার পূর্বাভাষ রয়েছে। আমি সেদিন জমিতে সেচ দেওয়া হতে বিরত থাকি। পরদিন ঠিকই বৃষ্টি হয়। এর ফলে আমার ০৬ বিঘা জমিতে সেচ দিতে হয়নি এবং আমার সেচ খরচ কম লাগায় বোরো ফসল উৎপাদন খরচ সাশ্রয় হয়েছে।

- আমি এমদাদুল হক, পিতাঃ আয়েজ উদ্দিন, গ্রামঃ সমসাবাদ, ব্লকঃ কোতোয়ালীবাগ, উপজেলাঃ পাঁচবিবি, জেলাঃ জয়পুরহাট মাষকলাই চাষের জন¨ জমি তৈরী করে গত ২৫/০৮/২০২০ তারিখে বীজ বপনের জন সি×ান্ত গ্রহন করি । কিন্তু আমার ব্লকের উপসহকারী কৃষি অফিসার মোঃ আতিকুর রেজা আমাকে জানান যে, আগামীকাল হতে বৃষ্টিপাত হওয়ার পূর্বাভাব রয়েছে । এমতাবস্থায় বীজ বপন করা হলে বীজ পঁচে যাওয়ার সম্ভাবনা রয়েছে কাজেই বীজ বপন না করাই শ্রেয়। আমি তাঁর পরামর্শ মোতাবেক মাষকলাই বীজ বপন হতে বিরত থাকি। পরদিন ঠিকই বৃষ্টি হয়। আমি যদি ঐদিন মাষকলাই বীজ বপন করতাম তাহলে বীজ পঁচে গিয়ে আমি আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হতাম।



**Agro-Meteorological Information Systems Development Project**
**Department of Agricultural Extension**
**Khamarbari, Farmgate, Dhaka-1215**

আমি মোঃ মামুন শেখ, পিতা ঃ মোঃ হোসেন আলী শেখ , গ্রাম- ঃ মথুরাপুর, ব্লক-ঃ মথুরাপুর উপজেলা ঃ সূজানগর, জেলা ঃ পাবনা পেঁয়াজ চাষের জন্য জমি তৈরী করে গত ০৭-১০-২০২০ তারিখে বীজ বপনের জন্য সিদ্ধান্ত গ্রহন করি। কিন্ত আমার ব্লকের উপসহকারী কৃষি অফিসার মোঃ মনিরুজ্জামান আমাকে জানান যে, আগামীকাল হতে বৃষ্টিপাত হওয়ার পূর্বাভাষ রয়েছে। এমতাবস্থায় বীজ বপন করা হলে বীজ পঁচে যাওয়ার সম্ভাবনা রয়েছে কাজেই বীজ বপন না করাই শ্রেয়। আমি তাঁর পরামর্শ মোতাবেক পেঁয়াজ বীজ বপন হতে বিরত থাকি। পরদিন ঠিকই বৃষ্টি হয়। আমি যদি ঐদিন পেঁয়াজ বীজ বপন করতাম তাহলে বীজ পঁচে গিয়ে আমি আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হতাম।



Agro-Meteorological Information Systems Development Project
Department of Agricultural Extension
Khamarbari, Farmgate, Dhaka-1215


# বগুড়া অঞ্চলের এক কৃষকের সফলতার গল্প



Agro-Meteorological Information Systems Development Project
Department of Agricultural Extension
Khamarbari, Farmgate, Dhaka-1215

# প্রকল্পের মিড টার্ম রিভিউ অনুযায়ী বামিস এর আবহাওয়া বিষয়ক পূর্বাভাস এর কার্যকারিতা

- সর্বনিম্ন সংখ্যক (১.৫৩%) জানিয়েছেন বর্তমানে প্রদত্ত আবহাওয়া বিষয়ক তথ্য বা পূর্বাভাস কার্যকর নয়, ২.৮৮ % কৃষক কোন ফলাফল জানাতে পরেননি, ২.৮১% কৃষক ফসলকে ক্ষতির হাত থেকে রক্ষায় এটি মোটেই কার্যকর নয়। বেজ লাইন সার্ভের প্রতিবেদন অনুযায়ী, ৯১.৩৭% কৃষক জানিয়েছেন প্রদত্ত কৃষি আবহাওয়া তথ্য সেবা মোটেও কার্যকর নয়। তারা তাদের ফসলকে ক্ষতির হাত থেকে রক্ষা করতে পারেননি।
- অথচ মিডলাইন সার্ভের প্রতিবেদনে এটি ২.৮২% এ নেমে এসেছে।
- অধিকাংশ (৭৪.৯১%) কৃষক বলেছেন বর্তমানে প্রদত্ত আবহাওয়া বিষয়ক তথ্য বা পূর্বাভাস কার্যকর (মিড লাইন সার্ভে)
- দ্বিতীয় সর্বোচ্চ সংখ্যক (১৭.৮৮%) কৃষক জানান এটি দুর্যোগ থেকে তাদের ফসল রক্ষায় খুবই কার্যকর।



Agro-Meteorological Information Systems Development Project
Department of Agricultural Extension
Khamarbari, Farmgate, Dhaka-1215

# ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার: খুলনার ডুমুরিয়ায় কিওস্ক ব্যবহার করে কৃষকের সাথে যোগাযোগের খবর চ্যানেল আইতে প্রচার






Agro-Meteorological Information Systems Development Project
Department of Agricultural Extension
Khamarbari, Farmgate, Dhaka-1215

# খুলনার ডুমুরিয়া উপজেলার সফলতার সংবাদ চ্যানেল আই-তে প্রচার



**Agro-Meteorological Information Systems Development Project**
**Department of Agricultural Extension**
**Khamarbari, Farmgate, Dhaka-1215**

**বামিস ওয়েব পোর্টাল ও বামিস মোবাইল অ্যাপ লিংক করা:** বামিস ওয়েব পোর্টাল ও বামিস মোবাইল অ্যাপ কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থা (যেমন: বিএআরসি, বারি, ব্রি, বিএসআরআই, বিজেআরআই, বিএইউ, BSMRAU ইত্যাদি)-এর ওয়েবসাইটে লিংক করা। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (DAE) ও কৃষি মন্ত্রণালয় (MOA)-এর ওয়েবসাইটে বামিস মোবাইল অ্যাপ -এর লিংক নেই বিধায় DAE & MOA-তে app-টি লিংক করা। এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের কাছে শীঘ্রই পত্র প্রেরণ করা হবে।

**বামিস পোর্টাল, বামিস মোবাইল অ্যাপ, কিওস্ক, ডিসপ্লে বোর্ড প্রভৃতি সম্বন্ধে ব্যাপক প্রচার:** কিওস্কটি সকাল ৯.০০ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত কৃষকের ব্যবহারের জন্য উন্মুক্ত রাখা, ব্যবহার পদ্ধতি জানানো প্রভৃতির উদ্যোগ নেওয়া। উপজেলা কৃষি কর্মকর্তা একজন ফোকাল পার্সন নিযুক্ত করতে পারেন। এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের সদয় অনুমোদন সাপেক্ষে শীঘ্রই পত্র প্রেরণ করা হবে।

**প্রকল্পের কার্যক্রম ডকুমেন্টেশান (ছবি, ভিডিও প্রভৃতি):** প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারের পাশাপাশি প্রকল্প বাস্তবায়ন ইউনিটে নিয়মিত প্রেরণ। এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের সদয় অনুমোদন সাপেক্ষে শীঘ্রই পত্র প্রেরণ করা হবে।

**প্রকল্প সংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন সফলতার ও ইতিহাস লেখা, প্রচারের ব্যবস্থা ও প্রকল্প বাস্তবায়ন ইউনিট-এ নিয়মিতভাবে প্রেরণ:** প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারের পাশাপাশি প্রকল্প বাস্তবায়ন ইউনিটে নিয়মিত প্রেরণ। এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের সদয় অনুমোদন সাপেক্ষে শীঘ্রই পত্র প্রেরণ করা হবে।

# Agro-Meteorological Information Systems Development Project
## Department of Agricultural Extension
## Khamarbari, Farmgate, Dhaka-1215






# Agro-Meteorological Information Systems Development Project
## Department of Agricultural Extension
## Khamarbari, Farmgate, Dhaka-1215

সুশাসনের জন্য প্রতিদিন
দেশকাল
www.deshkalbd.com
মঙ্গলবার
১৩ অক্টোবর ২০২০, ২২ আশ্বিন ১৪২৭
২৪ সফর ১৪৪২ হিজরি
রেজি নং ডিএ-৬১৯২ বর্ষ-০৭ সংখ্যা-২০৮
পৃষ্ঠা ৮, মূল্য ৫ টাকা

আইপিএলে সেরা বোলিং বুমরাহর — খেলাধুলা : পৃষ্ঠা : ৬
আইনে 'মৃত্যুদণ্ড' লিখলেই সমস্যার সমাধান — সম্পাদকীয় : পৃষ্ঠা : ৪
ক্যামেরার পেছনের কাজ শিখছি — বিনোদন : পৃষ্ঠা : ৭





আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠানে বক্তব্য রাখছেন প্রকল্প পরিচালক ড. মো: শাহ কামাল খান

### ঢাকায় কৃষি আবহাওয়া প্রকল্পের আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত

স্টাফ রিপোর্টার

বিশ্বব্যাংক -এর অর্থায়নকৃত কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সারাদেশব্যাপি বাস্তবায়নাধীন কৃষি মন্ত্রণালয়ের"কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প"-এর অর্থায়নে ডিএই'র ঢাকা আঞ্চলিক অফিস কর্তৃক আয়োজিত গত ১১/১০/২০২০ খ্রি : তারিখে খামারবাড়ি সড়কে আ.কা.মু. গিয়াস উদ্দিন মিল্কী অডিটোরিয়ামে এক "আঞ্চলিক কর্মশালা" অনুষ্ঠিত হয়।কর্মশালায় প্রধান অতিথির আসন অলংকৃত করেন কৃষি সম্প্রসারণঅধিদপ্তর, খামারবাড়ি, ঢাকার সম্মানিত পরিচালক, সরেজমিন উইং জনাব মোঃআসাদুল্লাহ্ এবং সভাপতিত্ব করেন ডিএই'র ঢাকা অঞ্চলের সুযোগ্য অতিরিক্ত পরিচালক জনাব বিভুতিভূষন সরকার। কর্মশালায় বিশেষ অতিথির বক্তব্য এবং কারিগরি সেশন পরিচালনা করেন "কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প"-এরসম্মানিত প্রকল্প পরিচালক ড. মোঃশাহ কামাল খান।বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), আড়াইহাজার, নারায়নগন্জ-এর সম্মানিত অধ্যক্ষ কাজী হাবিবুর রহমান। ঢাকা অঞ্চলের আওতাধীন ৮ জেলা যেমন: ঢাকা, নারায়নগন্জ, গাজীপুর, নরসিংদী, মুন্সিগন্জ, মানিকগন্জ, টাংগাইল ও কিশোরগন্জ-এর উপপরিচালক ও জেলা পর্যায়ের অন্যান্য কর্মকর্তাগণ, এটিআই-এর কর্মকর্তাগণ, বীজ প্রত্যয়ন এজেন্সির জেলা বীজ প্রত্যয়ন অফিসার এবং উপজেলা পর্যায়ের সকল উপজেলা কৃষি অফিসার উক্ত কর্মশালায় অংশগ্রহন করেন। বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান যেমন: বিএআরআই, বিআরআরআই, বিজেআরআই, বিএসআরআই-এর বিজ্ঞানীগণ; বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-এর প্রতিনিধিগণ, প্রকল্পের অন্যান্য কর্মকর্তাগণ, সাপ্তাহিক দুর্নীতি সমাচার-এর প্রধান সম্পাদক জনাব মোঃ সাইফুল আলম ভূঁইয়া পারভেজসহ বিভিন্ন বিশিষ্ট ব্যাক্তিবর্গের উপস্থিতিতে কর্মশালাটি সাফল্যমন্ডিত হয়।

অনুষ্ঠানের প্রধান অতিথি পরিচালক, সরেজমিন উইং জনাব মোঃআসাদুল্লাহ্তাঁর বক্তব্যে বলেন, প্রকল্প থেকে সরবরাহকৃত কৃষি আবহাওয়া সংক্রান্ত সরন্জামাদি যেমন: কিওস্ক, অটোমেটিকরেইনগেজ, ট্যাব, আবহাওয়া ডিসপ্লে বোর্ড প্রভৃতির যথাযথ ব্যবহার নিশ্চিত করতে পারলে একদিকে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জিত হবে অন্য দিকে দেশের কৃষি ও কৃষকের অভূতপূর্ব উন্নয়ন হবে।

প্রকল্প পরিচালক ড. মোঃশাহ কামাল খান যথোপোযোগী তথ্য-চিত্র-ভিডিও এর সমন্বয়ে প্রস্তুতকৃত একটি স্মার্ট পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশানের মাধ্যমে অত্যন্ত সুন্দর ও দক্ষতার সাথে বিশেষ অতিথির বক্তব্য এবং কারিগরি সেশন পরিচালনা করেন। বক্তব্যের শুরুতেই তিনি বলেন, "ঠান্ডা গরম বন্যা খরা কিংবা জলোচ্ছাস, বাঁচিয়ে দিবে ঠিক সময়ে একটুপূর্বাভাস"।

তিনি তাঁর বক্তব্যে বলেন,জলবায়ু পরিবর্তন এবং প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকির মধ্যে থাকাদেশ গুলোর মধ্যে বাংলাদেশের অবস্থান প্রথমসারিতে। কাজেই নির্ভরযোগ্য কৃষি আবহাওয়া বিষয়ক তথ্য কৃষকদের মাঝে সময়মত পৌছেদেওয়া কৃষি প্রধান বাংলাদেশের জন্য অত্যন্তগুরুত্বপূর্ণ।

সত্যের পক্ষে জাতীয় দৈনিক
শেষের পৃষ্ঠা
মুক্তখবর
www.muktakhabar.net
ঢাকা • বুধবার
২১ অক্টোবর ২০২০
০৫ কার্তিক ১৪২৭
০৩ রবিউল আউঃ ১৪৪২
রেজি: নং ডিএ ৩০৮৬

### বগুড়ায় কৃষি আবহাওয়া প্রকল্পের আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত

● নিজস্ব প্রতিনিধি

বিশ্ব ব্যাংক-এর অর্থায়নকৃত কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সারাদেশ ব্যাপি বাস্তবায়নাধীন কৃষি মন্ত্রণালয়ের "কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প"-এর অর্থায়নে ডিএই'র বগুড়া আঞ্চলিক অফিস কর্তৃক আয়োজিত গতকাল পর্যটন মোটেল, বনানী, বগুড়াতে এক "আঞ্চলিক কর্মশালা" অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথির আসন অলংকৃত করেনে উত্তরবঙ্গের কৃতি সন্তান, কৃষিবিদদের অহংকার, বর্ষিয়ান জননেতা প্রয়াত কৃষিবিদ আব্দুল মান্নান, এমপি-এর সহধর্মিনী বগুড়া-১ (সারিয়াকান্দি ও সোনাতলা) আসনের বর্তমান মাননীয় সংসদ সদস্য সাহাদারা মান্নান এবং সভাপতিত্ব করেন ডিএই'র বগুড়া অঞ্চলের সুযোগ্য অতিরিক্ত পরিচালক জনাব জিএম এ গফুর। কর্মশালায় বিশেষ অতিথির বক্তব্য এবং কারিগরি সেশন পরিচালনা করেন "কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প"-এর সম্মানিত প্রকল্প পরিচালক ড. মোঃ শাহ কামাল খান। বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া আঞ্চলিক অফিস-এর উপপরিচালক জনাব মোঃ কামাল উদ্দিন। বগুড়া অঞ্চলের আওতাধীন ৪টি জেলা বগুড়া, জয়পুরহাট, সিরাজগঞ্জ

● এরপর ২ পৃষ্ঠা • কলাম ৩



# Agro-Meteorological Information Systems Development Project
## Department of Agricultural Extension
## Khamarbari, Farmgate, Dhaka-1215




# খুলনার প্রান্তিক কৃষকরা আবহাওয়ার তথ্য পাচ্ছেন 'ফেসবুক গ্রুপে'

Published: অক্টোবর 2, 2020 | 8:15 অপরাহ্ণ · Updated: | 8:38 অপরাহ্ণ



আবহাওয়ার পূর্বাভাস পেয়ে ডুমুরিয়ার বড়দিয়া গ্রামের একটি ক্ষেতে নিড়ানী দিচ্ছেন কৃষক-কৃষাণীরা। ছবি: প্রতিবেদক।

**আওয়াল শেখ**: একটি মাত্র ঝড়, শিলাবৃষ্টি বা জলোচ্ছ্বাস বা বড় কোন প্রাকৃতিক দূর্যোগ নিমিষেই শেষ করে দিতে পারে কৃষকের স্বপ্ন। আবার আবহাওয়ার সাথে ফসলের ব্যবস্থাপনা, রোগ-পোকামাড়ের আক্রমনও অত্যন্ত নিবিড় ভাবে সম্পৃক্ত। এই আবহাওয়া কৃষক না জানলে কারেন্ট পোকার আক্রমন বা ব্লাষ্ট রোগের আক্রমন বা নাবী ধ্বসা রোগে নষ্ট হয়ে যায় কৃষকের কোটি টাকার ফসল, নিঃস্ব ও হতাশাগ্রস্থ হয়ে পড়ে কৃষক। এজন্য দরকার একটি স্থায়ী, টেকসই এবং শক্তিশালী আবহাওয়া পূর্বাভাস ব্যবস্থা। খুলনার প্রান্তিক কৃষকরা ফেসবুক গ্রুপের মাধ্যমে হাতের নাগালেই পাচ্ছেন এসকল সুবিধা।



অনলাইনে কৃষকদের প্রশিক্ষণ দিচ্ছেন কৃষি কর্মকর্তা। ছবি: সংগৃহিত।

কৃষি অফিস জানায়, ২০১৬-১৭ অর্থ বছরে ৫ বছর মেয়াদি চালু হয় আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরন প্রকল্প। প্রকল্পের আওতায় তৃণমূলে ব্লক পর্যায়ে কর্মরত উপসহকারী কৃষি অফিসারগণকে প্রদান করেন মোবাইল ট্যাব এবং প্রতিমাসে ৫ জিবি ইন্টারনেট ডাটা, এছাড়া ইউনিয়ন পরিষদে অটোমেটিক রেইনগজ এবং ডিসপ্লে বোর্ড। এছাড়াও উপজেলাতে প্রদান করা হয়েছে শক্তিশালী এন্ড্রয়েড ও উইন্ডোজ অপারেটিং সিস্টেম সমৃদ্ধ কিয়স্ক এবং বামিস পোর্টাল এ্যাপস।

এই কিয়স্কে কবে বৃষ্টি হবে, কবে আকাশ পরিষ্কার থাকবে বা কবে ঝড় হবে তা জানিয়ে দেয়। এর ফলে কৃষকের কী ব্যবস্থা নিতে হবে বা কী রোগ বা পোকা লাগতে পারে তার প্রতিকার কী হবে ইত্যাদি সম্বলিত আগাম আবহাওয়া বার্তা মেইলের মাধ্যমে উপজেলা কৃষি অফিসারের কাছে চলে আসে। উপজেলা কৃষি অফিসার ঐ আগাম আবহাওয়া বার্তা তার ফেসবুক গ্রুপে প্রদান করেন এবং গ্রুপে যুক্ত উপসহকারী কৃষি অফিসারগণ এই আবহাওয়া তথ্য একই সাথে তার ইউনিয়ন পরিষদে ডিসপ্লে বোর্ড এবং ব্লক ফেসবুক গ্রুপে আপলোড করেন।

আবার বৃষ্টি হওয়ার পর কতটুকু বৃষ্টি হল, দিনের তাপমাত্রা কত বা বাতাসে আপেক্ষিক আদ্রতা কত, তাও জানা যায় অটোমেটিক রেইনগজের মাধ্যমে। এর থেকে প্রাপ্ত তথ্য উপসহকারী কৃষি অফিসার নিয়মিত আপলোড করেন ইউনিয়ন পরিষদের ডিসপ্লে বোর্ডে। ইউনিয়ন পরিষদের ডিসপ্লে বোর্ড বা ব্লকের ফেসবুক গ্রুপ থেকে সরাসরি আবহাওয়া তথ্য পৌঁছে যাচ্ছে কৃষকের কাছে। ফলে, কৃষক প্রাকৃতিক দূর্যোগে কোটি টাকার ফসল ক্ষতি হতে রক্ষা পাচ্ছে কৃষক।



আবহাওয়ার পূর্বাভাস পেয়ে ডুমুরিয়ার পাঁচপোতা গ্রামের একটি ক্ষেত থেকে সবজী উত্তোলন করছেন কৃষাণীরা। ছবি: প্রতিবেদক।

এবিষয়ে জানতে চাইলে ডুমুরিয়া উপজেলার খর্নিয়া গ্রামের কৃষক আবু হানিফ মোড়ল বলেন, ৫ বিঘা জমিতে আউশ ধান লাগিয়েছিলাম, ধান পেকে যাওয়ায় কাটার প্রস্তুতি নিচ্ছিলাম হঠাৎ ইউনিয়ন পরিষদের ডিসপ্লে বোর্ড এবং ফেসবুক গ্রুপ থেকে আবহাওয়া পূর্বাভাস পেয়ে ধান কাটা বন্ধ করলাম এবং পরে আবহাওয়া ভাল হলে ধান কেটে খড় এবং ধান ক্ষতির হাত থেকে বাঁচাতে পারলাম, এটি একটি ভালো সিস্টেম।

কালিকাপুরের কৃষক শাহারিয়া বলেন, আলুতে সেচ দেব এমন সময় আবহাওয়া বার্তা পেলাম আগামী দুই তিন দিন আকাশ মেঘাচ্ছন্ন থাকবে, গুড়িগুড়ি বৃষ্টি হবে, জেনেই সেচ দেওয়া বন্ধ করে দিলাম। আলুর মড়ক রোগ রোধে সেচ না দিয়ে জমিতে ছত্রাকনাশক স্প্রে করলাম। সমূহ ক্ষতির হাত থেকে আমার ফসল রক্ষা পেল, এটি একটি ভালো সিস্টেম।

ডুমুরিয়া উপজেলার কালিকাপুর ব্লকে কর্মরত উপসহকারী কৃষি অফিসার করুনা মন্ডল বলেন, এই ট্যাবে আমরা প্রতিমাসেই ৫ জিবি ডাটা পায় এবং একদিকে যেমন আবহাওয়া তথ্য পায় অপর দিকে মাঠের বিভিন্ন সমস্যা নিয়ে ভিডিও কলের মাধ্যমে সরাসরি আমাদের স্যার এবং কৃষকের সাথে যুক্ত হয়, কৃষক স্যারের সাথে সরাসরি যুক্ত হতে পেরে খুশি হন। এটি খুবই যুগোপযোগী একটি পদ্ধতি।

উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মোঃ মোছাদ্দেক হোসেন বলেন, এটি একটি যুগান্তকারী পদ্ধতি। এটির মাধ্যমে অতিদ্রুত সময়ের মধ্যে কৃষি আবহাওয়া বার্তা সম্প্রসারণ এবং কৃষকের মাঝে পৌঁছে যাচ্ছে। এটির মাধ্যমে ব্লকে কর্মরত এসএএও গণকেও খুব সহজেই মনিটরিং করা সম্ভব হচ্ছে। একদিকে আবহাওয়া বার্তা অন্যদিকে ভিডিও কলের মাধ্যমে সরাসরি এসএএও মনিটরিং এবং কৃষকের সাথে যুক্ত হয়ে রোগ পোকামাকড়ের সমাধান কৃষিকে দিয়েছে এক নতুন মাত্রা। এসমস্ত ডিজিটাল কৃষি সেবা বাংলার কৃষিকে আরও অনেক দুর এগিয়ে নিয়ে যাবে।

**Agro-Meteorological Information Systems Development Project**
**Department of Agricultural Extension**
**Khamarbari, Farmgate, Dhaka-1215**

# ইউনিয়ন পর্যায়ে স্থাপিত অটোমেটিক রেইনগেজের ব্যবহার পদ্ধতি প্রদর্শন






Agro-Meteorological Information Systems Development Project
Department of Agricultural Extension
Khamarbari, Farmgate, Dhaka-1215

## কৃষি আবহাওয়া সম্পর্কিত তথ্য ও পরামর্শ গণমাধ্যমে প্রচারের উদ্যাগ গ্রহন:

- বিভিন্ন টিভি চ্যানেলে স্ক্রল নিউজ প্রচার।
- বিভিন্ন রেডিও প্রোগ্রামের জন্য আলোচ্য বিষয়ের তালিকায় কৃষি আবহাওয়া সম্পর্কিত বিষয় অন্তর্ভুক্ত করা।
- বিভিন্ন রেডিও এবং টিভি চ্যানেলে নিয়মিতভাবে সাপ্তাহিক/দ্বিপাক্ষিক কৃষি আবহাওয়া নিউজ প্রচার এবং প্রাকৃতিক দুর্যোগের প্রেক্ষিতে তৈরিকৃত বিশেষ বুলেটিনের মূল তথ্য/নিউজ প্রচার।
- প্রকল্প সংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন লেখা , সফলতার ইতিহাস কৃষি কথা ও বিভিন্ন পত্র-পত্রিকায় ব্যাপক প্রচারের ব্যবস্থা।

Agro-Meteorological Information Systems Development Project
Department of Agricultural Extension
Khamarbari, Farmgate, Dhaka-1215

# প্রকল্প কমিটিসমূহের, জেলা ও উপজেলা ফোকাল পার্সনদের যথাযথভাবে দায়িত্ব পালন

- ডিএই কৃষি আবহাওয়া কারিগরি কমিটি: আরও কার্যকর করা। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে কৃষি আবহাওয়া বুলেটিন তৈরিতে সহায়তা করার জন্য বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ও গবেষণা প্রতিষ্টানসমূহে পত্র প্রেরণ করা হবে।
- জেলা কৃষি আবহাওয়া কারিগরি কমিটি: আরও কার্যকর করা। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে জেলা পর্যায়ে কৃষি আবহাওয়া বুলেটিন তৈরিতে সহায়তা করার জন্য পত্র প্রেরণ করা হবে।
- উপজেলা কৃষি আবহাওয়া কারিগরি কমিটি: আরও কার্যকর করা। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে উপজেলা পর্যায়ে কৃষি আবহাওয়া বুলেটিন প্রচারে সহায়তা করার জন্য পত্র প্রেরণ করা হবে।
- জেলা ও উপজেলা ফোকাল পার্সন: আরও কার্যকর করা। প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে পত্র প্রেরণ করা হবে।

## বিভিন্ন পর্যায়ে “বেষ্ট পারফরমেন্স এ্যাওয়ার্ড” চালু করার উদ্যাগ



মাঠ পর্যায়ে প্রকল্প বাস্তবায়নকারী ডিএই’র ক্যাডার অফিসার এবং উপ-সহকারী কৃষি অফিসারদের কাজের স্বীকৃতি প্রদানের মাধ্যমে কর্ম স্পৃহা বৃদ্ধি করা ও কর্মকান্ডে গতিশীলতা আনার লক্ষ্যে বিভিন্ন পর্যায়ে “বেষ্ট পারফরমেন্স এ্যাওয়ার্ড চালু করার উদ্যাগ গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে নীতিমালা তৈরি, পত্র জারি ও অন্যান্য কার্যক্রম অব্যাহত রয়েছে।



# ডিপিপি রিভিশন এবং নতুন গুরুত্বপূর্ন কার্যক্রম অন্তর্ভুক্তকরণ

## ক) আর্থিক সংস্থান

**বিগত ৩ অর্থবছরে অব্যয়িত অর্থ:**

জিওবি (ভ্যাট প্রভিশন ও অন্যান্য): ৭৫৫.৭৬ লক্ষ টাকা

প্রকল্প সাহায্য (টেন্ডার সাশ্রয়, ট্যাক্স প্রভিশন, প্রাইস কন্টিনজেন্সি ও অন্যান্য): ৩৪৭৮.১৩ লক্ষ টাকা

মোট: ৪২৩৩.৮৯ লক্ষ টাকা।

এ ছাড়াও বিশ্বব্যাংক কর্তৃক প্রায় ৮০ কোটি টাকা (৯.৫ মিলিয়ন ইউএসডি) প্রকল্পে অতিরিক্ত বরাদ্দ দেওয়া হয়েছে (ইআরডি ও বিশ্বব্যাংক এর মধ্যে ১৪.০৫.২০২০ তারিখে সংশোধিত আর্থিক চুক্তি সম্পাদিত হয়)।

## খ) প্রকল্প এলাকা বৃদ্ধি

ডিপিপি অনুযায়ী প্রকল্প এলাকা সারা বাংলাদেশের ৬৪ জেলা, ৪৮৭ উপজেলা ও ৪০৫১ ইউনিয়ন। বর্তমানে বাংলাদেশে ৪৯১ টি উপজেলা এবং ৪৫৫৪ টি ইউনিয়ন। বাকী ০৪ টি উপজেলা ও ৫০৩ টি ইউনিয়নকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

## গ) প্রকল্পের মেয়াদ বৃদ্ধি

নির্ধারিত তারিখের একবছর পরে প্রকল্প শুরু হওয়ার কারণে সব কার্যক্রম জুন ২০২১ এর মধ্যে ডিপিপির লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করা সম্ভব নয়। এ ছাড়াও উপজেলা পর্যায়ে কৃষি আবহাওয়ার তথ্য ও পরামর্শ সেবা প্রদানের লক্ষ্যে কৃষি আবহাওয়া তথ্য পোর্টালে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড থেকে উপজেলা পর্যায়ের তথ্য প্রাপ্তি নিশ্চিত করার জন্য প্রকল্পের মেয়াদ জুন ২০২৩ পর্যন্ত বৃদ্ধি করার প্রস্তাব রাখা হয়েছে।

**Agro-Meteorological Information Systems Development Project**
**Department of Agricultural Extension**
**Khamarbari, Farmgate, Dhaka-1215**

# বাংলাদেশের দুটি বিশ্ববিদ্যালয়ে কৃষি আবহাওয়া বিভাগ চালু



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ






বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

**Agro-Meteorological Information Systems Development Project**
**Department of Agricultural Extension**
**Khamarbari, Farmgate, Dhaka-1215**

# বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে কৃষি আবহাওয়া বিভাগ চালুর বিষয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুমোদন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৫১.৯৯.০০২.২০.১৭ — তারিখ: ১৮ ভাদ্র ১৪২৭ / ০২ সেপ্টেম্বর ২০২০

বিষয়: বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের অন্তর্ভুক্ত হিসাবে Agro-meterology নামে একটি নতুন বিভাগ খোলার অনুমতি/ অনুমোদন প্রদান।

সূত্র: শা-১/২৯২/সংস্থাপন তারিখ: ২৫.০৩.২০২০।

বিষয়োল্লিখিত সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে ২০২০-২০২১ শিক্ষাবর্ষ থেকে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের অধীন Post-graduate লেভেল-এ Agro-meterology নামে একটি নতুন বিভাগ খোলার অনুমোদন দেয়া হল।

২-৯-২০২০
মো. কামাল হোসেন
পরিচালক (পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ)

রেজিস্ট্রার, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৫১.৯৯.০০২.২০.১৭/১(৪) — তারিখ: ১৮ ভাদ্র ১৪২৭ / ০২ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):
১) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
২) সহকারী সচিব, সদস্যের দপ্তর(পাব:বিশ্ব:), বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৩) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৪) নথি/ মহানথি।

২-৯-২০২০
হাছিনা পারভীন
সহকারী পরিচালক

---

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৫১.৪১.০১৮.২০.২৪ — তারিখ: ২৫ ভাদ্র ১৪২৭ / ০৯ সেপ্টেম্বর ২০২০

বিষয়: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে 'Agro-meteorology' প্রোগ্রাম চালুকরণ।

সূত্র: বশেমুরকৃবি/কাউন্সিল/এফ-৯৯/২০২০/৯৫৩ তারিখ: ০২/০৯/২০২০

বিষয়োল্লিখিত সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে ২০২০-২০২১ শিক্ষাবর্ষ থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে MS পর্যায়ে 'Agro-meteorology' প্রোগ্রাম খোলার অনুমোদন দেয়া হল।

৯-৯-২০২০
মো. কামাল হোসেন
পরিচালক (পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ)
ফোন: ০২-৫৮১৬০১১

রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৫১.৪১.০১৮.২০.২৪/১ — তারিখ: ২৫ ভাদ্র ১৪২৭ / ০৯ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):
১) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
২) সহকারী সচিব, সদস্যের দপ্তর (পাব:বিশ্ব:), বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৩) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৪) নথি, , মহানথি।

৯-৯-২০২০
হাছিনা পারভীন
সহকারী পরিচালক

**Agro-Meteorological Information Systems Development Project**
**Department of Agricultural Extension**
**Khamarbari, Farmgate, Dhaka-1215**


# ১২ টি অঞ্চলে কমিউনিটি রেডিও স্থাপন (এআইএস-২টি)





**Agro-Meteorological Information Systems Development Project**
**Department of Agricultural Extension**
**Khamarbari, Farmgate, Dhaka-1215**

# কৃষি আবহাওয়া পরামর্শ প্রস্তুতির অটোমেশন



Agro-Meteorological Information Systems Development Project
Department of Agricultural Extension
Khamarbari, Farmgate, Dhaka-1215

# কৃষি বিষয়ক সিদ্ধান্ত গ্রহণে সাব সিজনাল থেকে সিজনাল ফোরকাস্ট ও সংশ্লিষ্ট আবহাওয়ার তথ্য

– সাব সিজনাল ও সিজনাল কৃষি আবহাওয়া পরামর্শ সেবা প্রদান

– কৃষি ক্ষেত্রে ঝুঁকি মোকাবিলায় সিদ্ধান্ত গ্রহণে সহায়ক তথ্য প্রদান

– কৃষি সম্পর্কিত পরিকল্পনা ও সিদ্ধান্ত গ্রহণে সহায়তা

– বামিস পোর্টালে নতুন তথ্য ও ডাটাবেজ সংযোজন

Agro-Meteorological Information Systems Development Project
Department of Agricultural Extension
Khamarbari, Farmgate, Dhaka-1215

# বজ্রপাতের জন্য আর্লি ওয়ার্নিং সার্ভিস (EWS)










এই সার্ভিস ভারতের দামিনী এ্যাপ এর মত কাজ করবে যা-

- বজ্রপাত ট্র্যাকিং করে এবং মানুষকে নোটিফাই করে
- বজ্রপাতের ২০ কিলোমিটার পরিধির মধ্যে থাকা ব্যক্তিকে সতর্কবার্তা পাঠায়
- বজ্রপাত হওয়ার ৩০-৪৫ মিনিট আগে সতর্কবার্তা আসে ফলে মানুষ নিরাপদ জায়গায় আশ্রয় নিতে পারে
- প্রতি জেলার দুর্যোগ ব্যবস্থাপনা দল তথ্য প্রচারে সক্রিয় থাকলে বেশি কার্যকর হয়





- কৃষি আবহাওয়া তথ্য সেবার ব্যাপক বিস্তার ও প্রচারণার লক্ষ্যে সদর দপ্তর ও ৬৪ জেলার জন্য ডিজিটাল আউটডোর  ডিসপ্লে বোর্ডের ব্যবস্থা করা হবে।
- প্রকল্প থেকে ১৬০টি এবং বিএমডি থেকে ১৬৫টি "আবহাওয়া স্টেশন" স্থাপন করা হবে।
- কৃষি আবহাওয়া তথ্য সেবা সহজলভ্য করার লক্ষ্যে প্রকল্পের আওতায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ১৪ টি অঞ্চল, ৬৪ টি জেলা ও ৪৯১ টি উপজেলায় ইন্টারনেট সুবিধা নিশ্চিত করার মাধ্যমে কার্যক্রম ত্বরান্বিত করা হবে।
- সার্বক্ষণিক যোগাযোগ ও তথ্য বিনিময় এবং ক্রপ সিমুলেশন মডেল তৈরির জন্য সংশ্লিষ্ট ৪ টি গবেষণা প্রতিষ্ঠানের প্রতিটিতে ০৫ টি করে ল্যাপটপ প্রদান করা হবে।
- তিনটি গবেষণা প্রতিষ্ঠান (ব্রি, বিজেআরআই, বিএসআরআই), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সদর দপ্তর (৮ উইং), ১৪ অঞ্চল ও ৬৪ জেলার জন্য ভিডিও কনফারেন্সিং এর ব্যবস্থার মাধ্যমে গবেষণা প্রতিষ্ঠানসমূহের সাথে যোগাযোগ সহজতর ও আধুনিক করা হবে।





# কৃষি আবহাওয়া সরঞ্জাম (কিওস্ক, ট্যাবলেট, অটোমেটিক রেইনগেজ, রাউটার) সম্পর্কিত সমস্যা সমাধানের জন্য যোগাযোগ

## ট্যাবলেট মেরামত বা এ সম্পর্কিত কার্যক্রমের জন্য- গ্লোবাল ব্র্যান্ড প্রাইভেট লিমিটেড, বাংলাদেশ

- প্রথমে সারা দেশের ২৫ টি সার্ভিস সেন্টারে যোগাযোগ করুন
- পাশাপাশি প্রকল্পের ফোকাল পার্সনের সাথে ইমেইলে যোগাযোগ করুন।

## কিওস্ক, অটোমেটিক রেইনগেজ, রাউটার মেরামত বা এ সম্পর্কিত কার্যক্রমের জন্য- মাজ্জাক ইন্টার ট্রেড

- প্রথমে তাদের হটলাইন নম্বরে যোগাযোগ করুন: ০১৩১৮২৪৭৭০০, ০১৩১৮২৪৭৭১১, ০১৩১৮২৪৭৭২২
- পাশাপাশি প্রকল্পের ফোকাল পার্সনের সাথে ইমেইলে যোগাযোগ করুন।

## কৃষি আবহাওয়া সরঞ্জাম (কিওস্ক, ট্যাবলেট, অটোমেটিক রেইনগেজ, রাউটার) সম্পর্কিত সমস্যা সমাধানের জন্য যোগাযোগ


### ফোকাল পার্সন:


ফারহানা হক
সিনিয়র মনিটরিং এন্ড ইভালুয়েশন অফিসার
ইমেইল: anny_farhana@yahoo.com
মোবাইল ফোন নম্বর: ০১৭১২১২২৯১৭
টেলিফোন: ০২-৫৫০২৮৪১৪


অভিযোগ জানাতে ইমেইল করুন: : anny_farhana@yahoo.com
কপি দিন: pdamisdp@dae.gov.bd
অথবা kamalmoa@gmail.com






ঠান্ডা গরম বন্যা খরা কিংবা জলোচ্ছ্বাস
বাঁচিয়ে দেবে ঠিক সময়ে একটু পূর্বাভাস
কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প
(কম্পোনেন্ট-সি : বিডব্লিউসিএসআরপি)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
THE WORLD BANK

# ধন্যবাদ